



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
৩ সার্কিট হাউজ রোড, ঢাকা-১০০০
www.pib.gov.bd

ইনোভেশন টিমের আগস্ট ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	ড. কামরুল হক পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ) (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২২ আগস্ট ২০২৩
সভার সময়	১১:০০ টা
স্থান	পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ) এর কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট- ক


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কার্যক্রম উপস্থাপনের জন্য ইনোভেশন টিমের সদস্য-সচিব ও মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঁঞা-কে আহ্বান জানান। সেই অনুসারে জনাব মোহাম্মদ আফতাব জানান, গত ৮ আগস্ট ২০২৩ তারিখে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর আওতায় তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে এর আওতাধীন দপ্তর/সংস্থার কার্যক্রমের বার্ষিক মূল্যায়ন সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী অনুযায়ী তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মূল্যায়নে পিআইবি ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রমে ৮৯.৭৭% স্কোর অর্জন করেছে। অতঃপর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক অনুযায়ী সকল কার্যক্রম উপস্থাপন করেন। উক্ত কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং এতে সকল সদস্য অংশ নেন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্রম	সিদ্ধান্ত
১।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ৬.১.১ অনুযায়ী স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক একটি কর্মশালা সেপ্টেম্বর ২০২৩ মাসে আয়োজন করা হবে।
২।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ৬.১.২ অনুযায়ী অক্টোবর ২০২৩ মাসে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হবে।
৩।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ৬.১.১ অনুযায়ী স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক একটি সেমিনার ডিসেম্বর ২০২৪ মাসে আয়োজন করা হবে।
৪।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর কর্মসম্পাদন সূচক ৩.১.১ অনুযায়ী ১৫ এপ্রিল ২০২৪ এর মধ্যে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন করা হবে।
৫।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর অন্যান্য কর্মসম্পাদন সূচকের নির্ধারিত সময় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করা হবে।

ইনোভেশন অফিসার ও পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ), (অতিরিক্ত দায়িত্ব) ড. কামরুল হক বলেন, পিআইবি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন সন্তোষজনক এবং উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। এছাড়া

পিআইবি'র ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল দপ্তরের আন্তরিক সহযোগিতা কামনা করেন।
আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২২-০৮-২০২৩

ড. কামরুল হক

পরিচালক (গবেষণা ও তথ্য সংরক্ষণ) (অতিরিক্ত দায়িত্ব)

৮৮০২-৪৮৩১৭৪৫৮ (ফ্যাক্স)

৭ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ২২ আগস্ট ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ১৫.৬২.০০০০.০০২.১৬.০০৪.২২.৫৬৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), প্রশাসন বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি);
- ২। শূভ কর্মকার, প্রভাষক, অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি);
- ৩। সহ-সম্পাদক, প্রকাশনা ও ফিচার বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি) এবং
- ৪। স্টোর কীপার (অতিরিক্ত দায়িত্ব), স্টোর শাখা, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)।



২৩-০৮-২০২৩

মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞা
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব)